অবিলম্বে প্রকাশের জন্য: 11/3/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ইথাকা সিটিতে প্রধান প্রধান রাস্তার পুনর্বাসনের জন্য 27 মিলিয়ন মার্কিন ডলারের প্রজেক্টের শুরু ঘোষণা করলেন

Meadow Street, Fulton Street, West Buffalo Street এবং অন্যান্য রাস্তার রিসার্ফেসিং নিরাপত্তা বাড়াবে এবং যাতায়াত সহজ করবে

প্রজেক্টে এছাড়াও ট্র্যাফিক সিগন্যাল, সাইডওয়াক এবং ড্রেনেজের উন্নয়ন করা হবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে ইথাকা (Ithaca) সিটির একাধিক প্রধান রাস্তার পুনর্বাসনের জন্য একটি 27.4 মিলিয়ন মার্কিন ডলারের প্রজেক্টের কাজ শুরু হয়েছে, যা ফিঙ্গার লেকসের (Finger Lakes) এই গুরুত্বপূর্ণ গেটওয়েতে স্থিতিশীলতা বাড়াবে এবং যাত্রা আরো মসৃণ করবে। প্রজেক্টটি Meadow Street এবং Fulton Street-এর (State Route 13 এবং 34 নামেও পরিচিত) কিছু অংশে, এবং একই সাথে West Buffalo Street (State Route 96 নামেও পরিচিত) এবং সিটির অন্যান্য গুরুত্বপূর্ণ রাস্তায় নতুন রাস্তার সার্ফেস বসাবে এবং অন্যান্য উন্নয়ন করবে। ট্র্যাফিক সিগন্যালের উন্নয়ন, লেনের কনফিগারেশন, এবং সাইডওয়াকের উন্নয়ন এছাড়াও যানজট কম করবে এবং মোটর চালক ও পথচারী উভয়ের জন্য নিরাপত্তা উন্নত করবে।

"আপস্টেট নিউ ইয়র্কের (New York) রাস্তার উপর শীতকালের মাসগুলিতে অনেক চাপ পড়তে পারে, সেজন্য আমাদেরকে অবশ্যই অনেক যত্ন নিয়ে নিশ্চিত করতে হবে যাতে সেগুলি ভালো অবস্থায় থাকে এবং প্রকৃতি আমাদের জন্য যা রেখেছে সেই সব কঠিন অবস্থা সহ্য করতে পারে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "ইথাকার অতি প্রয়োজনীয় রাস্তায় এই বিনিয়োগ মানুষ এবং পণ্যকে অঞ্চলে সচল রাখতে সাহায্য করবে এবং নিরাপত্তা, স্থিতিশীলতা, এবং অর্থনৈতিক বিকাশের দিক দিয়ে আগামী বহু বছরের জন্য লাভজনক হয়ে থাকবে।"

নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশনের (Department of Transportation) কমিশনার Marie Therese Dominguez (ম্যারি থেরেসা ডমিঙ্গেজ) বলেন, "গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) বুঝেন যে সকল নিউ ইয়র্কবাসীর জীবনযাত্রার মান উন্নত করতে এবং অর্থনৈতিক সমৃদ্ধি করতে ইনফ্রাস্ট্রাকচার কত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এই রাস্তার পুনর্বাসন প্রজেক্ট নিশ্চিত করবে যাতে ইথাকা সিটিতে এবং আশেপাশে আমাদের পরিবহন নেটওয়ার্কের অতি প্রয়োজনীয় অংশ স্থিতিশীল থাকে এবং বেশি খারাপ আবহাওয়ার কঠিন অবস্থার মোকাবেলা করতে তৈরি থাকে, যার ফলে কলেজ ও ছবির মতো

সৌন্দর্যের জন্য বিখ্যাত এই সুন্দর সিটিতে যা যা আছে তার অভিজ্ঞতা নেওয়া বাসিন্দা ও ভিজিটর সকলের জন্য আরো সহজ করে।"

Mainline State Route 13 হলো একটি প্রধান উত্তর-দক্ষিণ সংযোগ যা ওসওয়েগো (Oswego) কাউন্টির পুলাস্কি (Pulaski) ভিলেজ থেকে শেমাঙ্গ (Chemung) কাউন্টির হর্সহেডস (Horseheads) ভিলেজ পর্যন্ত চলে ডাউনটাউন ইথাকা পার হওয়ার সময় State Route 34-এর সাথে যোগ দেয় এবং উত্তর দিকে Meadow Street এবং দক্ষিণ দিকে Fulton Street হয়ে যায়। সিটির কেন্দ্র দিয়ে যাওয়া প্রধান এই থরোফেয়ারটিতে অনেক খুচরা বিক্রেতা, রেস্টুরেন্ট, এবং স্থানীয় ব্যবসা আছে। এই এলাকায় এছাড়াও Ithaca Commons আছে, একটি পথচারী-মল যাকে সিটির সাংস্কৃতিক কেন্দ্র হিসেবে গণ্য করা হয়, যার ফলে এটি বাসিন্দা, স্টুডেন্ট, ভিজিটর, সকলের জন্য একটি হটস্পট, এবং এটি প্রতিদিন যাত্রা করা আনুমানিক 30,000 যানবাহনের জন্য একটি মসৃণ রাস্তা টিকিয়ে রাখার গুরুত্বকে তুলে ধরে।

প্রজেক্টের প্রাথমিক কাজ, যার মধ্যে কিছু সাইডওয়াক এবং ড্রাইভওয়ের প্রস্তুতি আছে, ইতিমধ্যেই শুরু হয়েছে। তিন মাইলের বেশি ক্ষয় হয়ে যাওয়া অ্যাসফল্ট সার্ফেস পেভ করার কাজ এবং এর পর ফাটল, গর্ত, এবং খানাখন্দ ভরাট করার কাজ 2026 সালের বসন্তকালে শুরু হবে। পেভমেন্ট পুনর্বাসন প্রজেক্ট, যার মধ্যে প্রতি তিন বছর পর পর লাগানো ক্র্যাক সীল লাগানোর কাজ করা হবে, তা নিচের মুখ্য সংযোগগুলির জীবনকালকে আনুমানিক 13 থেকে 15 বছর করে বাড়াবে:

- Meadow Street এবং Fulton Street (State Routes 13/34), Elmira Road থেকে ইথাকা সিটি লাইন পর্যন্ত উত্তর দিকে এবং দক্ষিণ দিকে
- Taughannock Boulevard এবং South Meadow Street-এর মাঝখানে West Buffalo Street (State Route 96)
- North Fulton Street এবং North Meadow Street-এর মাঝখানে West Seneca Street
- South Fulton Street এবং South Meadow Street-এর মাঝখানে West Green Street

ছয়টি ইন্টারসেকশনের ট্র্যাফিক সিগন্যাল সম্পূর্ণ বদলে দেওয়া হবে এবং ভিডিও ডিটেকশন যোগ করার জন্য আরো 14টির আপগ্রেড করা হবে, যা সিগন্যালের সময়কে অপ্টিমাইজ করবে এবং মোটর চালকদের জন্য অপেক্ষার সময় কম করবে। বর্তমানে ট্র্যাফিক সিগন্যাল ছাড়া চলছে এমন দুইটি ইন্টারসেকশনে তা লাগানো হবে।

ট্র্যাফিক প্রবাহ উন্নত করতে পেভমেন্টের চিহ্নও সংশোধন করা হবে। West Buffalo Street-এর পূর্ব দিকে যাওয়া লেনের পাশে, যা বর্তমানে শুধু North Meadow Street-এ বাম দিকে ঘুরার লেন হিসেবে ব্যবহার করা হয়, তা একটি থরো লেন হবে, এবং North Fulton Street-এ একটি Cascadilla Street-এ ডান দিকে ঘুরার নিবেদিত লেনকে বাড়ানো হবে যাতে ট্র্যাফিকের মধ্যে দিয়ে একটি লেন হিসেবে ব্যবহার করা যায়।

State Route 13-এ Esty Street-এর পাশে পথচারীদের নিরাপত্তা বাড়াতে একটি নতুন চারকোণা দ্রুত ফ্ল্যাশিং বীকন (rectangular rapid flashing beacon, RRFB) লাগানো হবে। এই ট্র্যাফিক

নিয়ন্ত্রণের যন্ত্রটি নকশা করা হয়েছে যাতে চালকদেরকে সাইন এবং ফ্ল্যাশিং বাতির মাধ্যমে সতর্ক করা যায় যে হেঁটে চলা কোনো ব্যক্তি ব্লকের মাঝামাঝি জায়গা দিয়ে রাস্তা পার হচ্ছেন। এছাড়াও, 15,000 ফুট সাইডওয়াক বদলে দেওয়া হবে, 500 ফুট নতুন সাইডওয়াক যোগ করা হবে, এবং পথচারীদের জন্য ধারণক্ষমতা বাড়াতে কার্ব র্যাম্প উন্নত করা হবে। কাঠামোর ড্রেনেজ পাইপগুলিও পরিষ্কার করা হবে এবং স্থিতিশীলতা বাড়াতে মেরামত করা হবে। ট্র্যাফিকে বাঁধা সবথেকে কম করার জন্য, বেশিরভাগ কাজ রাতের বেলা করা হবে এবং এটি 2027 সালের গ্রীষ্মকালের মধ্যে শেষ হবে বলে আশা করা যাচ্ছে।

সিনেটর Charles Schumer (চার্লস শুমার) বলেন, "আমাদের Bipartisan Infrastructure & Jobs Law পড়ুয়া ইথাকাতে আরো নিরাপদ রাস্তা সম্ভব করছে। ভালো বেতনের চাকরি তৈরি, নিরাপত্তা বাড়ানো, এবং হাঁটার জন্য আরো উপযুক্ত করতে এবং যাতায়াত আরো নিরাপদ করতে অতি প্রয়োজনীয় এই উন্নতগুলি করার জন্য ব্যাপক ফেডারেল মর্কিন ডলার দিতে সাহায্য করতে পেরে আমি গর্বিত। আমাদের স্টেটের ইনফ্রাস্ট্রাকচার মজবুত করতে তার প্রতিশ্রুতির জন্য আমি গভর্নর Hochul-কে (হোকল) ধন্যবাদ জানাচ্ছি।"

সিনেটর Kirsten Gillibrand (কির্স্টেন জিলিব্র্যান্ড) বলেন, "Bipartisan Infrastructure Law-এর কারণে আমরা নিউ ইয়র্কের আরো বেশি রাস্তা এবং ইনফ্রাস্ট্রাকচার উন্নত করতে পারছি যাতে সময়ের সাথে এগুলিকে আলোর বেশি অত্যাধুনিক, স্থিতিশীল, এবং পথচারী ও চালক সকলের জন্য নিরাপদ করা যায়," বলেন সিনেটর Gillibrand (জিলিব্র্যান্ড)। "ইথাকার রাস্তার পুনর্জীবন দেওয়ার ফেডারেল মার্কিন ডলার দিতে পেরে আমি গর্বিত, এবং আমাদের কমিউনিটিতে যাতে শীর্ষ মানের ইনফ্রাস্ট্রাকচার, যা যাত্রী এবং স্থানীয় অর্থনীতিকে সচল রাখতে সাহায্য করে, তা টিকিয়ে রাখার রিসোর্স থাকে তা নিশ্চিত করতে আমি লড়াই করে যাবো।"

স্টেটের সিনেটর Lea Webb (লিয়া ওয়েব) বলেন, "স্টেটের রিসোর্স যে এমন একটি প্রজেক্টে দেওয়া হয়েছে যা অ্যাক্সেসিবিলিটি, সাস্টেনেবিলিটি, এবং ইথাকাকে বাড়ি বলা সকলের জন্য জীবনযাপনের মান উন্নত করছে তা দেখে আমি গর্বিত। ইথাকার প্রধান রাস্তায় এই বিনিয়োগ হলো আমাদের কমিউনিটি এবং সম্পূর্ণ অঞ্চলের জন্য একটি বড় জয়। এই উন্নয়নগুলি এটিকে বাসিন্দা, ব্যবসা, এবং ভিজিটরদের জন্য যাওয়া আসা করা আরো নিরাপদ এবং সহজ করবে, এবং একই সাথে আমাদের সিটির কেন্দ্রে যে স্থানীয় ব্যবসা, সেগুলিকে সমর্থন করবে।"

অ্যাসেম্বলির সদস্য Anna Kelles (আনা কেলেস) বলেন, "আমাদের সিটির কেন্দ্রীয় রাস্তায় বিনিয়োগ করা হলো একটি নিরাপদ, সাস্টেনেবল এবং সমতার পরিবহন ব্যবস্থা গঠন করার জন্য মৌলিক। বহু বছরের ব্যবহারের খয়ের পর, ইথাকার হাজার হাজার বাসিন্দা আরো নিরাপদ রাস্তা পারাপার, আরো মসৃণ যাতায়াত এবং আরো নির্ভরযোগ্য অ্যাক্সেসের জন্য অনুরোধ করেছেন। Route 13, Fulton, Meadow এবং West Buffalo Street-এর এই উন্নয়নগুলি আমাদের সবথেকে বেশি যাতায়াত করা কিছু করিডোরে ট্র্যাফিককে শান্ত করবে, দুর্ঘটনা কমাবে, পথচারীদের অ্যাক্সেস বাড়াবে এবং পুরোনো হয়ে যায় ইনফ্রাস্ট্রাকচারকে আধুনিক করবে। হাই স্কুল পার হয়ে আটকে থাকা ট্র্যাফিক বসে আমরা সকলেই হতাশ হয়েছি এই চিন্তা করে যে সিটিতে যাওয়া আসা করা কতটা কঠিন হয়ে পড়েছে। যানজট কমিয়ে, ডাউনটাউন এবং আমাদের ওয়াটারফ্রন্টের মধ্যে সংযোগ জোরদার করে এবং প্রত্যেক বাসিন্দা, ভিজিটর এবং কর্মী যাতে সিটিতে নিরাপদে ও নির্ভরযোগ্য ভাবে চলাচল করতে পারে তা নিশ্চিত করার

মাধ্যমে এই প্রজেক্টটি সরাসরি তার সমাধান করছে। ইথাকার ভবিষ্যতে এই বড় বিনিয়োগের জন্য গভর্নর এবং নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশনকে ধন্যবাদ।"

ইথাকা সিটির মেয়র Robert G. Cantelmo (রবার্ট জি ক্যান্টেলমো) বলেন, "এইসব প্রধান স্টেট হাইওয়ে উন্নত করতে গভর্নরের বিনিয়োগের জন্য ইথাকা সিটি কৃতজ্ঞ। অঞ্চলের সবথেকে বড় কমিউটার-সিটিগুলির একটি হওয়ার কারণে, এই অতি প্রয়োজনীয় রক্ষণাবেক্ষণ আমাদের কমিউনিটিকে বাড়ি বলা হাজার হাজার বাসিন্দা ও কর্মীদের জন্য অ্যাক্সেস ও নির্ভরযোগ্যতা দিতে থাকবে।"

ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন সম্পর্কে
নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন-এর মিশন হলো একটি নিরাপদ, নির্ভরযোগ্য, ন্যায়সঙ্গত এবং স্থিতিস্থাপক পরিবহন ব্যবস্থা প্রদান করা, যা কমিউনিটিগুলোকে সংযুক্ত করে, জীবনমান উন্নত করে, পরিবেশকে রক্ষা করে, এবং নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক কল্যাণকে সমর্থন করে।

জীবন বিপন্ন হতে পারে; হাইওয়ে কর্মীদের জন্য ধীরে যান এবং পাশ দিয়ে যান!

আরো তথ্যের জন্য আমাদেরকে Facebook এ খুঁজে নিন, X বা Instagram এ ফলো করুন অথবা আমাদের ওয়েবসাইটটি ভিজিট করুন। যাতায়াতের সবশেষ তথ্যের জন্য 511 নম্বরে ফোন করুন, www.511NY.org ভিজিট করুন বা বিনামূল্যে 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করুন।

###

আরো খবর www.governor.ny.gov-এ পাওয়া যাবে
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন